সংবাদ

তারিখ ··· 2 4 JAN 2006
পৃষ্ঠা · [illegible] কলাম · ৪

# শিক্ষকদের ১৭ দফা দাবি : না মানলে ২৬ ফেব্রুয়ারি পল্টনে মহাসমাবেশ

স্ব বার্তা পরিবেশক

ংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদের তারা বেসরকারি শিক্ষক কর্মচারীদের তন ১০০ ভাগে উন্নীত করা, শিক্ষক র্মচারী নিয়োগের জন্য অবিলম্বে পৃথক র্ভিস কমিশন গঠন, পূর্ণাঙ্গ উৎসব ও ডিকেল ভাতা দেয়াসহ সরকারের কাছে ৭ দফা দাবি জানিয়েছেন। দাবি মানা না ল তারা আগামী ২৬ ফেব্রুয়ারি পল্টন য়দানে শিক্ষক মহাসমাবেশের করার াষণা দেয়া হয়েছে।

গতকাল সোমবার কেন্দ্রীয় শহীদ মিনারে ৭ দফা দাবি আদায়ে বাংলাদেশ শিক্ষক র্মচারী ঐক্য পরিষদ আয়োজিত সমাবেশে তারা এ দাবি জানান।

সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশ াক্ষক সমিতির সভাপতি এমএ আউয়াল াদ্দিকী, সাধারণ সম্পাদক আবু বকর াদ্দিকী, কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক ভাপতি প্রফেসর ড. ম. আখতারুজ্জামান, াধারণ সম্পাদক এম এ বাকী, সহকারী াক্ষক সমিতির সভাপতি প্রদীপ চক্রবর্তী, হাসচিব জহির উদ্দিন, যুগ্ম মহাসচিব মনি ালদার, বেসরকারি কারিগরি শিক্ষক মিতির সভাপতি অধ্যক্ষ মো. শাহজাহান ালী সাজু, সাধারণ সম্পাদক মোকলেছুর হমান প্রমুখ।

সমাবেশে শিক্ষক নেতারা বলেন, র্ঘদিন ধরে শিক্ষক কর্মচারীরা তাদের ্যায্যদাবি আদায়ে দাবি দিবস, মানববন্ধন, নশন, উপজেলা থেকে জেলা পর্যায়ে মাবেশসহ বহু আন্দোলন সংগ্রাম করে াসছে। কিন্তু সরকার আজ পর্যন্ত াক্ষকদের কোন দাবিই মেনে নেয়নি। ধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষকদের মাবেশে ওয়াদা দিয়েছিলেন তার দল মতায় গেলে শিক্ষকদের দাবি মেনে নবেন। কিন্তু জোট সরকার ক্ষমতায় াসার ৪ বছর পার হলেও আজ পর্যন্ত তিনি াক্ষকদের দাবি বাস্তবায়নের কোন দক্ষেপ গ্রহণ করেননি। শিক্ষকদের দাবি রণ না হওয়ায় শিক্ষক সমাজ হতাশ হয়ে ড়েছে।

নেতারা আরও বলেন, দেশের মন্ত্রী-মপি, সচিবালয়ের বড় বড় কর্মকর্তাদের বতন-ভাতা বাড়লেও এ গরিব শিক্ষকদের বতন বাড়ে না। শিক্ষকরা তাদের দাবি জানালে অর্থ মন্ত্রণালয় বলে ফান্ডে টাকা নেই। কিন্তু তথাকথিত একমুখী শিক্ষা ব্যবস্থার নামে প্রায় পাঁচশ' কোটি টাকা অপচয় ও লুটপাট করা হয়েছে।

নেতারা ক্ষোভ প্রকাশ করে বলেন, শিক্ষক সমাজের ধৈর্য অসীম নয়। তারা প্রধানমন্ত্রীকে উদ্দেশ করে বলেন আপনার দলের নির্বাচনী ওয়াদার কথা দেশের শিক্ষক সমাজ ভুলে যায়নি। অবিলম্বে যদি শিক্ষকদের দাবি মেনে নেয়া না হয় তাহলে আরও কঠোর কর্মসূচি দিতে বাধ্য হব।

সমাবেশ শেষে প্রধানমন্ত্রীকে স্মারকলিপি দেয়ার উদ্দেশে একটি বিক্ষোভ মিছিল টিএসসি হয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে যাত্রা করলে পুলিশ শাহবাগ মোড়ে বাধা দেয়। পরে বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদের সভাপতি অধ্যক্ষ এমএ আউয়াল সিদ্দিকীর নেতৃত্বে ৩ জন শিক্ষক নেতা পুলিশের গাড়িতে করে স্মারকলিপি পেশ ক




১৭ দফা দাবি আদায়ে বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদ গতকাল রাজধানী ও প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করে